


যুগান্তর

শাবিতে ভর্তি ফি কমানোর দাবিতে সমাবেশ

প্রকাশ : ০৭ নভেম্বর ২০১৮, ০০:০০ | প্রিন্ট সংস্করণ

 শাবি প্রতিনিধি

শাহজালাল বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ে ২০১৮-১৯ সেশনের স্নাতক (সম্মান) বর্ধিত ভর্তি ফি কমানোর দাবিতে ক্যাম্পাসে বিক্ষোভ ও সমাবেশ হয়েছে। ফি কমানো না হলে শিক্ষার্থীদের সর্বাঙ্গিক আন্দোলনের হুঁশিয়ারিও দেয়া হয়েছে সমাবেশ থেকে। গত বছরের তুলনায় শাবিতে এবার অস্বাভাবিকভাবে প্রথম বর্ষের ভর্তি ফি ৩৯ শতাংশ বৃদ্ধি করা হয়েছে। গত বছর যে ফি ছিল ৬৮৫০ টাকা, তা এ বছর ৯৫০০ টাকা করার সিদ্ধান্ত নিয়েছে ভর্তি কমিটি। তবে বিষয়টি নিয়ে ভর্তি কমিটির সদস্য সচিব অধ্যাপক জহির উদ্দিন আহমেদ বলেন, আমরা প্রাথমিকভাবে ৯৫০০ টাকা শিক্ষার্থীদের নিয়ে আসতে বলেছি। তার মানে এই নয় যে, পুরোটাই লাগবে ভর্তি হতে। ভর্তি হতে ঠিক কি পরিমাণ টাকা লাগবে তা ৭ নভেম্বরের একাডেমিক কাউন্সিলে চূড়ান্ত হবে।

ক্যাম্পাস সূত্রে জানা যায়, ভর্তি ফি বৃদ্ধির প্রতিবাদে পৃথক পৃথক বিক্ষোভ মিছিল ও সমাবেশ করেছে সমাজতান্ত্রিক ছাত্রফ্রন্ট ও ছাত্রদল। মঙ্গলবার অর্জুনতলায় বিক্ষোভ মিছিল বের করে শাখা সমাজতান্ত্রিক ছাত্রফ্রন্ট। মিছিলটি ক্যাম্পাসের বিভিন্ন স্থান প্রদক্ষিণ করে গোলচত্বরে এসে সমাবেশে মিলিত হয়। সমাবেশে সমাজতান্ত্রিক ছাত্রফ্রন্টের আহ্বায়ক প্রসেনজিৎ রুদ্রের সভাপতিত্বে এবং সাধারণ সম্পাদক নাজিরুল আযম বিশ্বাসের সঞ্চালনায় বক্তব্য রাখেন আহ্বায়ক কমিটির সদস্য তৌহিদুজ্জামান জুয়েল, মঈনুদ্দিন মিয়া, শিক্ষার্থী সৌরভ মোস্তফা, ইউশা রশিদ প্রমুখ। অন্যদিকে একাডেমিক ভবন 'ডি'র সামনে থেকে ছাত্রদল আরেকটি বিক্ষোভ মিছিল বের করে গোলচত্বরের পার্শ্ববর্তী যাত্রী ছাউনিতে একটি সমাবেশে মিলিত হয়। সমাবেশে ছাত্রদলের সভাপতি রামকৃষ্ণ দাসের সভাপতিত্বে এবং সাধারণ সম্পাদক রুপেল চাকমার সঞ্চালনায় বক্তব্য রাখেন সহ-সভাপতি অমৃত রায়, অর্থ সম্পাদক ওসমান গণি, সাবেক সাধারণ সম্পাদক মিহির দেবনাথ।

ভারপ্রাপ্ত সম্পাদক : সাইফুল আলম, প্রকাশক : সালমা ইসলাম

প্রকাশক কর্তৃক ক-২৪৪ প্রগতি সরণি, কুড়িল (বিশ্বরোড), বারিধারা, ঢাকা-১২২৯ থেকে প্রকাশিত এবং যমুনা প্রিন্টিং এন্ড পাবলিশিং লিঃ থেকে মুদ্রিত।

পিএবিএক্স : ৯৮২৪০৫৪-৬১, রিপোর্টিং : ৯৮২৪০৭৩, বিজ্ঞাপন : ৯৮২৪০৬২, ফ্যাক্স : ৯৮২৪০৬৩, সার্কুলেশন : ৯৮২৪০৭২।
ফ্যাক্স : ৯৮২৪০৬৬

E-mail: jugantor.mail@gmail.com

© সর্বস্বত্ত্ব স্বত্বাধিকার সংরক্ষিত ২০০০-২০১৮ | এই ওয়েবসাইটের কোনো লেখা, ছবি, অডিও, ভিডিও অনুমতি ছাড়া ব্যবহার বেআইনি।